# পরিক্রমা

সংখ্যা # ৬৬ : সেপ্টেম্বর ২০১৬

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.sec.gov.bd**, www.secbd.org**
E-mail: secbd@bdmail.net

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | |
| ০২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ | |
| ০৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ | |
| ০৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ | |
| ০৫ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য | |
| ০৬ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী | |
| ০৭ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | |
| ০৮ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) | |
| ০৯ | কর্পোরেট ফিন্যান্স | |
| ১০ | ক্যাপিটাল ইস্যু | |
| ১১ | সার্ভেইল্যান্স | |
| ১২ | নিবন্ধন | |
| ১৩ | মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি | |
| ১৪ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেট এন্ড ইস্যুয়ার কোম্পানীজ (এসআরএমআইসি) | |
| ১৫ | সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) | |
| ১৬ | এনফোর্সমেন্ট | |
| ১৭ | আইন | |
| ১৮ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | |
| ১৯ | এমআইএস | |
| ২০ | গবেষণা ও উন্নয়ন | |
| ২১ | আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ | |
| ২২ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | |
| ২৩ | প্রেস রিলিজ | |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ই জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হ'ল বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চার বছর মেয়াদের জন্য তাঁরা সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হন। চেয়ারম্যান কমিশনের প্রধান  নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সম্পর্কযুক্ত।

সরকার মে, ২০১১ তে ড. এম. খায়রুল হোসেনকে চেয়ারম্যান এবং প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান ও জনাব মোঃ আঃ সালাম সিকদারকে সদস্য হিসাবে নিয়োগ প্রদান করে। পরবর্তীতে সংশোধিত আইনে কমিশনের সদস্য পদবী পরিবর্তন করে কমিশনার পদবী করা হয়। গঠিত উক্ত কমিশনের চেয়ারম্যান ও চার কমিশনার তাঁদের তিন বছরের প্রথম  মেয়াদের দায়িত্ব পরিপূর্ণভাবে সম্পন্ন করেন। সরকার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক মে, ২০১৪ তে তাঁদের সকলকে স্ব স্ব অবস্থানে আরও চার বছরের জন্য (বয়স ৬৫ বৎসর অনতিক্রম সাপেক্ষে) দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করে। পরবর্তীতে জনাব আরিফ খান স্বেচ্ছায় পদত্যাগ করলে  ১৯ এপ্রিল ২০১৬ ড. স্বপন কুমার বালা তাঁর স্থলাভিসিক্ত হন।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) বাংলদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে 'A' ক্যাটাগরীতে উন্নীত করে।

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


ড. এম. খায়রুল হোসেন
**চেয়ারম্যান**


প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
**কমিশনার**


জনাব মোঃ আমজাদ হোসেন
**কমিশনার**


জনাব মোঃ আঃ সালাম সিকদার
**কমিশনার**


ড. স্বপন কুমার বালা
**কমিশনার**

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালকগণ

১. জনাব ফরহাদ আহমেদ

(বর্তমানে IOSCO এর Enforcement and Co-operation Advisor হিসাবে Secondment Position এ কর্মরত )

২. মিসেস রুকসানা চৌধুরী

৩. জনাব এ.টি.এম. তারিকুজ্জামান

(বর্তমানে শিক্ষা ছুটিতে নিউ-জিল্যান্ড এ অবস্থান করছেন)

৪. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

৫. জনাব মোঃ সাইফুর রহমান

৬. জনাব মোঃ আশরাফুল ইসলাম

৭. জনাব এম. হাছান মাহমুদ

৮. জনাব মাহবুবুল আলম

৯. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের বিভাগীয় প্রধানগণ

১. মিসেস রুকসানা চৌধুরী, নির্বাহী পরিচালক (এনফোর্সমেন্ট বিভাগ, অফিস অব দি চীফ একাউন্ট্যান্ট, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, এএমএল/সিএফটি উইং)

২. জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক (এসআরএমআইসি, প্রশাসন ও অর্থ বিভাগ)

৩. জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক (এসআরআই, সার্ভেইল্যান্স বিভাগ)

৪. জনাব মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক (এমআইএস, আরএন্ডডি ও সিডিএস বিভাগ)

৫. জনাব এম হাছান মাহমুদ, নির্বাহী পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি, কর্পোরেট ফাইন্যান্স বিভাগ)

৬. জনাব মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক (ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ ও ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ)

৭. জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী, নির্বাহী পরিচালক (সিএমআরআরসি ও আইন)

## ৪. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ

| | |
|---|---|
| ১. জনাব  কামরুল আনাম খান | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ২. জনাব  মোহাম্মদ রেজাউল করিম | পরিচালক (ক্যাপিটাল ইস্যু) |
| ৩. জনাব  মোহাম্মদ শফিউল আজম | পরিচালক (এসআরআই) |
| ৪. জনাব রিপন কুমার দেবনাথ | পরিচালক (সিএমআরআরসি) |
| ৫. জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৬. জনাব মোঃ জাহাঙ্গীর আলম | পরিচালক (নিবন্ধন) |
| ৭. জনাব মোঃ মাহমুদুল হক | পরিচালক (মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি) |
| ৮. জনাব প্রদীপ কুমার বসাক | পরিচালক (ক্যাপিটাল ইস্যু, কর্পোরেট ফাইন্যান্স) |
| ৯. জনাব রাজিব আহমেদ | পরিচালক (এমআইএস) |
| ১০. জনাব মোঃ আবুল কালাম | পরিচালক (অর্থ) |
| ১১. জনাব মোঃ মনছুর রহমান | পরিচালক (এসআরএমআইসি) |
| ১২. জনাব মোহাম্মদ আবুল হাসান | পরিচালক (প্রশাসন) |
| ১৩. জনাব শেখ মাহবুব উর রহমান | পরিচালক (সার্ভেইল্যান্স) |
| ১৪. মিসেস ফারহানা ফারুকী | কমিশন সচিব ও পরিচালক (কমিশন সচিবালয় ও আন্তর্জাতিক সম্পর্ক) |
| ১৫. জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | পরিচালক (গবেষণা ও উন্নয়ন) |

## ৫. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্দেশ্য

যেহেতু সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠিত হয়, সেহেতু বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান উদ্দেশ্য নিম্নরূপঃ

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- সিকিউরিটিজ বাজারের উন্নয়ন;
- সিকিউরিটিজ সংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন ।

উপরোক্ত উদ্দেশ্য পূরণকল্পে বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, সিকিউরিটিজ আইন অমান্যকারীদের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যাবলী, নিয়মতান্ত্রিকভাবে সিকিউরিটিজ ইস্যু করণ, বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম এবং সময়োপযোগী বাজার সংস্কার কার্যক্রম পরিচালনায় কমিশন সর্বদা সচেষ্ঠ থাকে।

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকুল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষনিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রপ্তির সুবিধা এবং বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারী কর্তৃক সাধারন বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালা পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।


## ৬. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রধান কার্যাবলী

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- বিধিমোতাবেক সিকিউরিটিজ ইস্যুকরণ;
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গর্ভনেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- বাজার সংস্কার এর মাধ্যমে  বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রন;
- স্টক এক্সচেঞ্জ ও অন্যান্য সিকিউরিটিজ সংক্রান্ত ব্যবসা নিয়ন্ত্রণ;
- স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার ট্রান্সফার এজেন্ট, মার্চেন্ট ব্যাংকার ও ইস্যু ম্যানেজার, ট্রাস্ট ডীডের ট্রাস্টি, ইস্যু রেজিষ্ট্রার, অবলেখক, পোর্টফোলিও  ম্যানেজার, বিনিয়োগ পরামর্শক এবং অন্যান্য বাজার মধ্যস্থতাকারীদের ব্যবসা নিয়ন্ত্রণ;
- সকল প্রকার মিউচ্যুয়াল ফান্ড সহ যৌথ বিনিয়োগ স্কীমের ব্যবসা নিবন্ধন, মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- সিকিউরিটিজ বাজারের সকল অনুমোদিত স্বশাসিত ব্যবসা মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- শেয়ার বাজারের অনৈতিক, প্রতারণামূলক ও অস্বচ্ছ যে কোন লেনদেন এর প্রচলন নিষিদ্ধ ও রোধকরণ;
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে শিক্ষামূলক জ্ঞানের উন্নয়ন;
- ইনসাইডার ট্রেডিং ব্যবসা নিষিদ্ধকরণ;
- পর্যাপ্ত পরিমান শেয়ার অধিগ্রহণ, কোম্পানির ব্যবস্থাপনা গ্রহণ সংক্রান্ত নিয়ন্ত্রণ;
- তদন্ত ও পরিদর্শন পরিচালনাকরণ;
- কমোডিটি ফিউটার কর্ণ্ট্রাক বা অপটন কর্ণ্ট্রাক ব্যবসার লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।

# ৭. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রমঃ

## কমিশন কর্তৃক বিও হিসাব রক্ষনাবেক্ষণ ফি'র সরকারি অংশের চালানের প্রতীকী স্মারক মাননীয় অর্থমন্ত্রীর নিকট হস্তান্তর



মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এর নিকট চালানের প্রতীকী স্মারক হস্তান্তর করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনারবৃন্দ অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব মোঃ আঃ সালাম সিকদার ও ডঃ স্বপন কুমার বালা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষ হতে ২০১৫-২০১৬ অর্থ বছরে সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) হতে প্রাপ্ত বিও হিসাব রক্ষনাবেক্ষণ ফি এর সরকারি অংশ বাবদ মোট ৬১,৩৫,০২,৪০০.০০ (একষট্টি কোটি পঁয়ত্রিশ লক্ষ দুই হাজার চারশত) টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে। ৩ আগস্ট ২০১৬ তারিখে উক্ত অর্থ জমাদান সংক্রান্ত চালানের একটি প্রতীকী স্মারক মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত এর নিকট এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে হস্তান্তর করেন কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। কমিশনের কমিশনারবৃন্দ অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব মোঃ আঃ সালাম সিকদার এবং ডঃ স্বপন কুমার বালা এ সময় উপস্থিত ছিলেন।

## “পুঁজিবাজারের মাধ্যমে বিদ্যুৎ খাতে অর্থায়ন” শীর্ষক সভা




মঞ্চে অন্যান্যের সাথে উপবিষ্ট প্রধান অতিথি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিশেষ অতিথি কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন, ডিবিএর সভাপতি আহসানুল ইসলাম টিটু এবং অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দ

২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রাজধানীর একটি স্থানীয় ক্লাবে ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশন আয়োজিত “পুঁজিবাজারের মাধ্যমে বিদ্যুৎ খাতে অর্থায়ন” শীর্ষক এক আলোচনা সভায় উপস্থিত ছিলেন প্রধান অতিথি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ, বিশেষ অতিথি কমিশনের চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেন ও কমিশনের কমিশনারবৃন্দ, উভয় স্টক এক্সচেঞ্জের প্রতিনিধিবৃন্দ, ব্রোকারস অ্যাসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দ এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

সভায় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়নে বিনিয়োগের প্রয়োজন ও পুঁজিবাজার থেকে তা সংগ্রহের সম্ভাবনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, দেশের সবচেয়ে সম্ভাবনাময় এবং বর্ধনশীল খাত হলো বিদ্যুৎ ও জ্বালানি খাত। দেশ মধ্যম আয়ের দ্বারপ্রান্তে চলে গেলেও বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে বিরাট পার্থক্য রয়ে গেছে। মূলত শহর ও গ্রামে বিদ্যুৎ ব্যবহারের পার্থক্যের কারণে এ ব্যবধান তৈরি হয়েছে। গ্রামে বিদ্যুৎ সরবরাহের জন্য প্রচুর বিনিয়োগ দরকার। গত তিন বছরে দেশি-বিদেশি মিলিয়ে আমি প্রতিদিন গড়ে ১০ জন বিনিয়োগকারীর আগ্রহ দেখেছি। তবে আমরা চাই, এ অর্থ পুঁজিবাজার থেকে আসুক।

বিশেষ অতিথির বক্তৃতায় কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন বলেন, পুঁজিবাজারে বিদ্যুৎ খাতের কোম্পানিগুলোর যথেষ্ট প্রভাব রয়েছে। বাজার মূলধনের ১২ ভাগ এ খাতের কোম্পানিগুলোর দখলে। বাজারের ৮ থেকে ১০ ভাগ লেনদেনও হয় বিদ্যুৎ খাতের কোম্পানিগুলোর শেয়ারের মাধ্যমে। সরকারি বড় কোম্পানিগুলো শেয়ারবাজারে এলে একদিকে যেমন বাজার ভালো হবে, অন্য দিকে সরকারের অর্থায়নে শেয়ারবাজার ভূমিকা রাখতে পারবে।

এছাড়াও উক্ত অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের সাবেক কমিশনার জনাব আরিফ খান।

## ৮. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস এন্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি)

**জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী /আদেশ /নির্দেশনা জারি করা হয়েছে :**

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিস) রুলস, ২০১৬ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০১৬-৩৫২/১৮৮/প্রশাসন/৬৯ তারিখঃ ০৪ আগস্ট, ২০১৬। |
| ২. | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধনী | প্রজ্ঞাপন | এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/১৮৯/প্রশাসন/৭০ তারিখঃ ০৪ আগস্ট, ২০১৬। |
| ৩. | স্টক এক্সচেঞ্জ কর্তৃক কোন পাবলিক ইস্যুর উপর চূড়ান্ত সুপারিশ কমিশনে দাখিলের সময়সীমা প্রসঙ্গে | নির্দেশনা | এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯০ তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০১৬ |
| ৪. | কোম্পানীর বোর্ড সভা করা; ১ম, ২য়, ৩য় ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদন দাখিল করা; NAV, EPS, NOCFPS প্রকাশ করা প্রসঙ্গে | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯১/প্রশাসন/৭১ তারিখঃ ০৭ সেপ্টেম্বর ২০১৬ |
| ৫. | ক্যাপিটাল ইস্যুর জন্য কমিশনের অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা হতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) কোম্পানীকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯২/প্রশাসন/৭২ তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০১৬ |
| ৬. | পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরের জন্য কমিশনের শর্ত হতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের (পিপিপি) কোম্পানীকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯৩/প্রশাসন/৭৩ তারিখঃ ২০ সেপ্টেম্বর ২০১৬ |

# ৯. কর্পোরেট ফিন্যান্স

**কর্পোরেট ফিন্যান্স বিভাগের ত্রৈমাসিক কার্যক্রম: জুলাই - সেপ্টেম্বর, ২০১৬**

| ক্রমিক নং | বিবরণ | গৃহীত ব্যবস্থা | কোম্পানীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | IPO/RPO/ Rights Issue/ Convertible Preference Shares এর তহবিল ব্যবহার প্রসঙ্গে। | IPO/RPO/ Rights Issue/Convertible Preference Shares এর মাধ্যমে উত্তোলিত তহবিল ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন/নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষান্তে কমিশনকে সদয় অবহিত করা হয়েছে। | ১১ |
| | | ব্যাখ্যা প্রদানের জন্য কোম্পানীসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। | ০১ |
| | | রাইট ইস্যু এর তহবিল ব্যবহার সংক্রান্ত বিশেষ নিরীক্ষক নিয়োগ। | ০১ |
| | | সিকিউরিটিজ আইন পরিপালন না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ২. | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়েছে। | ০১ |
| | | সময় বৃদ্ধি করা হয়নি। | ১০ |
| | | যথাসময়ে নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ৩. | জুন ৩০, ২০১৫ এবং ডিসেম্বর ৩১, ২০১৫ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী। | নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীর বিষয়ে কোম্পানীর ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০৩ |
| | | তালিকাভুক্ত কোম্পানীর নিরীক্ষিত আর্থিক বিবরণীর বিষয়ে বিধিবদ্ধ নিরীক্ষকের ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ |
| | | বিশেষ নিরীক্ষক নিয়োগ। | ০১ |
| | | কোম্পানী কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাসমূহ পরীক্ষান্তে কমিশনের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হয়েছে। | ১১ |
| | | নিরীক্ষিত আর্থিক বিবরণী তৈরীতে সিকিউরিটিজ আইনের এর বিধান ভঙ্গ করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ৪. | সেপ্টেম্বর ৩০, ২০১৫ এবং মার্চ ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত প্রথম প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৭ |
| | | অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ৫. | ডিসেম্বর ৩১, ২০১৫ এবং জুন ৩০, ২০১৬ তারিখে সমাপ্ত ২য় প্রান্তিক/অর্ধ-বার্ষিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০৩ |
| | | অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০২ |
| ৬. | সেপ্টেম্বর ৩০, ২০১৫ এবং মার্চ ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী দাখিলের সময় বর্ধিতকরণ। | সময় বৃদ্ধি করা হয়নি। | ০১ |
| | | তৃতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী যথাসময়ে দাখিল না করায় এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। | ০১ |
| ৭. | নিরপেক্ষ পরিচালক নিয়োগ। | ০৭/০৮/২০১২ ইং তারিখে জারীকৃত কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের শর্ত নং ১.২(iii) পরিপালন সাপেক্ষে, নিরপেক্ষ পরিচালক নিয়োগে কমিশন অনাপত্তি জ্ঞাপন করেছে। | ০৬ |
| | | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের কতিপয় শর্ত পরিপালন না করায়, কমিশন নিরপেক্ষ পরিচালক নিয়োগের বিষয়ে অনাপত্তি জ্ঞাপন করেনি। | ০১ |
| ৮. | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন। | কর্পোরেট গভর্নেন্স গাইডলাইন সংক্রান্ত নোটিফিকেশনের কতিপয় শর্ত পরিপালন না করায় কোম্পানীর ব্যাখ্যা চাওয়া হয়েছে। | ০১ |

# ১০. ক্যাপিটাল ইস্যু

## প্রাইভেট লিমিটেড কোম্পানি

| জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে যে সকল প্রাইভেট লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপ: | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ |
| ১ | ওয়ান সিকিউরিটিজ লি: | সাধারণ শেয়ার টাকা ৫০,০০,০০,০০০/- | ১৪.০৭.২০১৬ | ৫০,০০,০০,০০০/- |
| ২ | এনবিএল সিকিউরিটিজ লি: | বোনাস শেয়ার টাকা ৩০০,০০,০০,০০০/- | ২০.০৭.২০১৬ | ৩০০,০০,০০,০০০/- |
| ৩ | এবি ইনভেস্টমেন্ট লি: | সাধারণ শেয়ার টাকা ৩০১,১৪,৩১,৭৫০/- | ২১.০৭.২০১৬ | ৩০১,১৪,৩১,৭৫০/- |
| ৪ | রাইজিং স্পেনিং মিল্স লি: | বোনাস শেয়ার টাকা ৩০,০০০,০০০০/- | ২১.০৭.২০১৬ | ৩০,০০০,০০০০/- |
| ৫ | আইএল বাংলা লি: | সাধারণ শেয়ার টাকা ৩২,০০,০০,০০০/- | ২৪.০৭.২০১৬ | ৩২,০০,০০,০০০/- |
| ৬ | ইপিক গার্মেন্টস মেনুফেকচার কো:লি: | সাধারণ শেয়ার টাকা ১১,৬৩,১০,২০০/- | ২৫.০৭.২০১৬ | ১১,৬৩,১০,২০০/- |
| ৭ | আনানতা এপেরালস লি: | সাধারণ শেয়ারটাকা ৪১,৭৫,৬০০/- | ২৬.০৭.২০১৬ | ৪১,৭৫,৬০০/- |
| ৮ | গ্রামীণ ফেবরিকস এন্ড ফেশনস লি: | সাধারণ শেয়ার টাকা ২৪,০০০,০০০০/- | ২৭.০৭.২০১৬ | ২৪,০০০,০০০০/- |
| ৯ | মান্ডিফার্মা (বাংলাদেশ) লি: | সাধারণ শেয়ার টাকা ৫,০০,০০,০০০/- | ৩১.০৭.২০১৬ | ২৫,০০,০০,০০০/- |
| ১০ | আবিভা ক্যাপিটাল লি: | সাধারণ শেয়ার টাকা ২৫,০০,০০,০০০/- | ০২.০৭.২০১৬ | ২৫,০০,০০,০০০/- |
| ১১ | ই-সিকিউরিটিজ লি: | সাধারণ শেয়ার টাকা ১,২৮,২৯,৫০০/- | ০৪.০৮.২০১৬ | ১,২৮,২৯,৫০০/- |
| ১২ | এরিস্টফার্মা লি: | সাধারণ শেয়ার টাকা ১০,০০,০০,০০০/- | ২.০৮.২০১৬ | ১০,০০,০০,০০০/- |
| ১৩ | ডিসেন্ট অটো মিলস লি: | সাধারণ শেয়ার টাকা ১১,৭৯,৯৫,০০০/- | ০৮.০৮.২০১৬ | ১১,৭৯,৯৫,০০০/- |
| ১৪ | কুয়েন সাউথ টেক্সটাইল মিলস লি: | বোনাস শেয়ার টাকা ৭০,৭৭,৫০,০০০/- | ১০.০৮.২০১৬ | ৭০,৭৭,৫০,০০০/- |
| ১৫ | গেনেক্স ইনফয়েজ লি: | সাধারণ শেয়ার টাকা ৬০,৬০,০০,০০০/- | ১০.০৮.২০১৬ | ৬০,৬০,০০,০০০/- |
| ১৬ | বাংলাদেশ হার্ডল্যান্ড সিরামিক কো: লি: | সাধারণ শেয়ার টাকা ৪৯,৫০,০০,০০০/- | ২২.০৮.২০১৬ | ৪৯,৫০,০০,০০০/- |
| ১৭ | ব্লু ওসেন ঠুটওয়ের লি: | সাধারণ শেয়ার টাকা ৩০,০০,০০,০০০/- | ২৩.০৮.২০১৬ | ৩০,০০,০০,০০০/- |
| ১৮ | বাংলাদেশ অটো রাইস মিলিস লি: | সাধারণ শেয়ার টাকা ১,৭৯,০১,০০০/- | ০৭.০৯.২০১৬ | ১,৭৯,০১,০০০/- |
| ১৯ | নাজিম রাইস ব্রেন্ড ওয়েল ইনডাসট্রিজ লি: | সাধারণ শেয়ার টাকা ১১,৭৭,৮৫,০০০/- | ২১.০৯.২০১৬ | ১১,৭৭,৮৫,০০০/- |
| ২০ | এডভেন্ট ফার্মা লি: | সাধারণ শেয়ার টাকা ৩৮৬,১০০,০০০/- | ২৭.০৯.২০১৬ | ৩৮৬,১০০,০০০/- |
| ২১ | ডিকো গার্মেন্টস লি: | সাধারণ শেয়ার টাকা ২০,১০,০০,০০০/- | ২৮.০৯.২০১৬ | ২০,১০,০০,০০০/- |
| ২২ | শাইহাম নিট কমপোসিট লি: | সাধারণ শেয়ারটাকা ১২,০৩,৫০,০০০/- | ২৯.০৯.২০১৬ | ১২,০৩,৫০,০০০/- |
| | মোট টাকা= | | | ১০,৯৭৪,৬২৮,০৫০/- |

## পাবলিক লিমিটেড কোম্পানি

| জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে যে সকল পাবলিক লিমিটেড কোম্পানিকে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপঃ | | | | |
|---|---|---|---|---|
| ক্রমিক নং | বিবরণ | কোম্পানির নাম | অনুমোদনের তারিখ | পরিমাণ |
| ১ | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ | সাধারণ শেয়ার টাকা ৬০,০০,০০,০০০/- | ২১.০৭.২০১৬ | ৬০,০০,০০,০০০/- |
| ২ | সাউথইস্ট ব্যাংক ক্যাপিটাল সার্ভিস লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩০০,০০,০০,০০০/- | ২১.০৭.২০১৬ | ৩০০,০০,০০,০০০/- |
| ৩ | এমটিভি সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা ১২৫,০০,০০,০০০/- | ২১.০৭.২০১৬ | ১২৫,০০,০০,০০০/- |
| ৪ | মার্কান্টাল ব্যাংক লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৯৫,০০,০০,০০০/- | ২১.০৭.২১৭৬ | ২৯৫,০০,০০,০০০/- |
| ৫ | বিএলআই ক্যাপিটাল লিঃ | সাধারণ শেয়ার টাকা ৬০,০০,০০,০০০/- | ২৪.০৭.২০১৬ | ৬০,০০,০০,০০০/- |
| ৬ | মিডলেন্ড ব্যাংক লিঃ | সাধারণ শেয়ার টাকা ৩২,০০,০০,০০০/- | ২৬.০৭.২০১৬ | ৩২,০০,০০,০০০/- |
| ৭ | দেশ জেনারেল ইন্সুরেন্স কোঃ লিঃ | বোনাস শেয়ার টাকা ১,০৪,০৫,২০০/- | ০১.০৮.২০১৬ | ১,০৪,০৫,২০০/- |
| ৮ | এসটিএস ক্যাপিটাল লিঃ | বোনাস শেয়ার টাকা ২,৯৭,৫৮,০৪৮০/- | ০৪.০৮.২০১৬ | ২,৯৭,৫৮,০৪৮০/ |
| ৯ | ইলেকট্র বেটারী কোম্পানী লিঃ | সাধারণ শেয়ার টাকা ২৭,০০,০০,০০০/- | ০৯.০৮.২০১৬ | ২৭,০০,০০,০০০/- |
| ১০ | রুপানতারিতা প্রাকতিক গ্যাস কোঃ লিঃ | সাধারণ শেয়ার টাকা ৭৮৫,৬৬৮,৫৪০/- | ২৩.০৮.২০১৬ | ৭৮৫,৬৬৮,৫৪০/- |
| ১১ | পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিঃ | সাধারণ শেয়ার টাকা এবং প্রিফারেন্স শেয়ার টাকা ৫০০,০০,০০,০০০/- | ১৯.০৯.২০১৬ | ৫০০,০০,০০,০০০/- |
| ১২ | এডিএন টেলিকম লিঃ | বোনাস শেয়ার টাকা ২০,৯২,৯৫,৮৩০/- | ২০.০৯.২০১৬ | ২০,৯২,৯৫,৮৩০/- |
| | মোট টাকা= | | | ১৫,২৯২,৯৫০,০৫০/- |

| ক্রমিক নং | সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (প্রাইভেট প্লেসমেন্ট অব ডেট সিকিউরিটিজ) রুলস, ২০১২ এর অধীনে নিম্নলিখিত কোম্পানীকে | | | |
|---|---|---|---|---|
| ১ | প্যাসিফিক ফুটওয়ের ইন্ডাষ্ট্রিজ লিঃ | নন-পারটিসিপেট ডিবেঞ্চার টাকা ৫,৬০,০০,০০০/- | ১৬.০৭.২০১৬ | ৫,৬০,০০,০০০/- |
| ২ | সাউথইস্ট ব্যাংক লিঃ | নন কনভারটেবল সাবওরডিনেন্ট বন্ড টাকা ৫০০,০০,০০,০০০/- | ০২.০৮.২০১৬ | ৫০০,০০,০০,০০০/- |
| | মোট টাকা= | | | ৫,০৫৬,০০০,০০০/- |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ এর অধীনে জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ ইং সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনমোদিত কোম্পানীর বিবরণী:

| ক্রমিক নং | কোম্পানীর নাম | অনুমোদনের তারিখ | মূলধন উত্তোলন (Before IPO) | ইস্যু মূল্য | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিও টাকা (Including premium if any) | মূলধন উত্তোলন (Post IPO) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ফরচুন সুজ লিমিটেড। | ১৯.০৭.২০১৬ | ৭৫০,০০০,০০০/- | ১০.০০ টাকা | ২,২০,০০,০০০ | ২২,০০,০০,০০০/- | ৯৭০,০০০,০০০/- |

# ১১. সার্ভেইল্যান্স

**দৈনন্দিন বাজার সার্ভেইল্যান্স :**

দৈনন্দিন পুঁজিবাজার সার্ভেইল্যান্স এর অংশ হিসাবে সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাগণ কমিশনের সার্ভেইল্যান্স সিস্টেম "InstantWatch Market" এর মাধ্যমে উভয় স্টক এক্সচেঞ্জের দৈনন্দিন লেনদেন কর্মকান্ডের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম, সন্দেহজনক লেনদেন এবং বাজার আচরণ বিধির পরিপন্থী কোন কিছু ঘটে থাকলে তা পর্যবেক্ষণ ও তদারকীর মাধ্যমে নির্ণয় করে থাকেন। দৈনিক লেনদেন শেষে একটি দৈনিক প্রতিবেদন তৈরী করা হয়, যেখানে প্রতিদিনের লেনদেনের একটি সার সংক্ষেপ তুলে ধরা হয়। উক্ত প্রতিবেদনের অনুলিপি চেয়ারম্যান, কমিশনারগণ এবং সংশ্লিষ্ট নির্বাহী পরিচালককে সরবরাহ করা হয়।

**তদন্ত ও অনুসন্ধান :**

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন কানুন এর প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। জুলাই-সেপ্টেম্বর ২০১৬ সময়কালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি), ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) শেয়ার লেনদেন সম্পর্কিত নিম্নবর্ণিত তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম সম্পাদন করেছে:

**(ক) তদন্তঃ**

| ক্রমিক নং | তদন্তের ধরণ | তদন্তকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | প্রিমিয়ার লিজিং অ্যান্ড ফাইন্যান্স লিমিটেড এবং মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড এর শেয়ারে সন্দেহজনক ইনসাইডার ট্রেডিং বিষয়ে তদন্ত প্রসঙ্গে। | বিএসইসি |

**(খ) অনুসন্ধানঃ**

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | রূপালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০২ | রূপালী ব্যাংক লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৩ | মডার্ন ডায়িং অ্যান্ড স্ক্রিন প্রিন্টিং লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

| ক্রমিক নং | অনুসন্ধানের ধরণ | অনুসন্ধানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৪ | মুন্নু জুট স্ট্যাফলারস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৫ | রেনউইক যজ্ঞেশ্বর এন্ড কোং (বিডি) লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৬ | জিল বাংলা সুগার মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৭ | শ্যামপুর সুগার মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৮ | জুট স্পিনার্স লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ০৯ | ফার কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১০ | ফেমিলিটেক্স (বিডি) লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |
| ১১ | আর. এন. স্পিনিং মিলস লিমিটেড এর শেয়ার লেনদেনের বিষয়ে অনুসন্ধান প্রসঙ্গে। | ডিএসই |

জুলাই-সেপ্টেম্বর ২০১৬ সময়কালে “InstantWatch” market surveillance system এ যেসব শর্ট সেল এলার্ট পরিলক্ষিত হয়েছে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক ঐ সকল এলার্ট এর উপর অনুসন্ধানপূর্বক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করে। উল্লেখিত সময়কালে ঢাকা স্টক একচেঞ্জ লিমিটেড ও চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড কর্তৃক দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন পরীক্ষান্টে ২৫টি স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে তালিকাভুক্ত বিভিন্ন সিকিউরিটিজ এ শর্ট-সেল এর প্রমান পাওয়ায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে।

# ১২. নিবন্ধন

**স্টক ডিলার/ব্রোকার এর নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ**

জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ০১ (এক) টি স্টক ডিলার ও ০১ (এক)টি স্টক ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ০১টি স্টক ডিলার ও ০১টি স্টক ব্রোকারের নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ২১ (একুশ)টি স্টক ডিলার এবং ২৬ (ছাব্বিশ)টি স্টক ব্রোকার এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্টক ডিলার ও ৬১ (একষট্টি)টি স্টক ব্রোকার নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**অনুমোদিত প্রতিনিধিদের নিবন্ধন সনদ প্রদান ও নবায়নঃ**

আলোচ্য সময়কালে, কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ০১ (এক)টি অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ ইস্যু করেছে।

এছাড়াও কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর অধীনে ঢাকা স্টক এক্সচেঞ্জের ট্রেক হোল্ডার কোম্পানির ৩১৮ (তিনশত আঠার)টি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ১৩০ (একশত ত্রিশ)টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**মার্চেন্ট ব্যাংক পরিচালনার জন্য নিবন্ধন সনদ প্রদানঃ**

জুলাই-সেপ্টেম্বর ২০১৬ সময়কালে, কমিশন সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর অধীনে ০১ (এক)টি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ নবায়নঃ**

উক্ত সময়কালে কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ৬৯ (উনসত্তর)টি প্রতিষ্ঠানের ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ নবায়ন করেছে।

**ডেট সিকিউরিটিজ ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যুঃ**

জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে কমিশন Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 এর অধীনে ০৬ (ছয়)টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**কাস্টডি ডিপজিটরি অংশগ্রহণকারীর নিবন্ধন সনদ ইস্যুঃ**

জুলাই-সেপ্টেম্বর ২০১৬ সময়কালে, কমিশন ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর অধীনে ০২(দুই)টি কাস্টডি ডিপজিটরি অংশগ্রহনকারী নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যুঃ**

জুলাই-সেপ্টেম্বর ২০১৬ সময়কালে, কমিশন (Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015) এর অধীনে ১ (এক)টি ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ ইস্যু করেছে।

**মার্চেন্ট ব্যাংকের কর্পোরেট অফিস স্থানান্তরঃ**

আলোচ্য সময়ে কমিশন, ৪ (চার)টি মার্চেন্ট ব্যাংকের কর্পোরেট অফিস স্থানান্তরের অনুমোদন দিয়েছে।

**ব্রোকারেজ হাউজের নতুন শাখা অফিস খোলার অনুমোদনঃ**

উক্ত সময়ে কমিশন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ৩ (তিন)টি স্টক ব্রোকারকে নতুন শাখা অফিস খোলার অনুমোদন দিয়েছে।

# ১৩.মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি (এমএফ এন্ড এসপিভি)

মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি বিভাগ জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়ে নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করে:

(১) মিউচ্যুয়াল ফান্ড এর নিবন্ধন ও পাবলিক ইস্যু সংক্রান্ত কার্যক্রম:

| ক্রমিক নং | বিষয় | কার্যক্রম |
|---|---|---|
| ১ | ফান্ডের ট্রাস্ট ডীড ও বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - এসইএমএল এফবিএলএসএল গ্রোথ ফান্ড<br>- এনএএম আইবিবিএল ইসলামিক ইউনিট ফান্ড |
| ২ | ফান্ডের নিবন্ধন ও এসক্রো একাউন্ট খোলার অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - এসইএমএল আইবিবিএল শরীয়াহ ফান্ড<br>- ইউএফএস আইবিবিএল শরীয়াহ ইউনিট ফান্ড |
| ৩ | ফান্ডের প্রসপেক্টাস অনুমোদন | - লংকা বাংলা ফার্ষ্ট ব্যালান্সড ফান্ড<br>- এটিসি শরীয়াহ ইউনিট ফান্ড<br>- আইসিএল ব্যালান্সড ফান্ড<br>- ভেনগার্ড এএমএল রূপালী ব্যাংক ব্যালান্সড ফান্ড<br>- সিএপিএম বিডিবিএল মিউচ্যুয়াল ফান্ড ওয়ান |
| ৪ | ফান্ডের প্রাথমিক চাঁদা সংগ্রহের সময় বর্ধন অনুমোদন সংক্রান্ত কার্যক্রম | - ইউএফএস পদ্মা লাইফ ইসলামিক ইউনিট ফান্ড |

(২) মিউচ্যুয়াল ফান্ড এর অবলুপ্তি/ রূপান্তর সংক্রান্ত কার্যক্রম:

**(ক)** আইসিবি পরিচালিত ষষ্ঠ ও সপ্তম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড যা মেয়াদ শেষে ইউনিট হোল্ডারদের সম্মতিতে মেয়াদী থেকে বেমেয়াদী ফান্ডে রূপান্তর এর সিদ্ধান্ত হয়েছে তাদের নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

- সপ্তম আইসিবি মিউচ্যুয়াল ফান্ড কে মেয়াদী থেকে বে-মেয়াদী ফান্ডে রূপান্তরের অনুমোদন প্রদান সংক্রান্ত কার্যাবলী এবং উক্ত ফান্ডকে রূপান্তরের উদ্দেশ্যে নিরীক্ষা প্রতিবেদন এবং সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন প্রদান সংক্রান্ত কার্যাবলী;
- রূপান্তরিত সপ্তম আইসিবি ইউনিট ফান্ড এর ট্রাস্ট ডীড, ফান্ডের নিবন্ধন এবং প্রসপেক্টাস অনুমোদন সংক্রান্ত কার্যাবলী; এবং
- রূপান্তরিত ষষ্ঠ আইসিবি ইউনিট ফান্ড এর নিবন্ধন সনদ ইস্যুও নীট অ্যাসেট ভ্যালু প্রকাশের অনুমতি প্রদানসহ স্কীম হিসেবে ঘোষনার অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।

(৩) মিউচ্যুয়াল ফান্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পর্যালোচনা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম:

(ক) গ্রামীণ মিউচ্যুয়াল ফান্ড ওয়ান এর ট্রাস্টি কমিটি পুনর্গঠন এর অনুমোদন প্রদান সংক্রান্ত কার্যাবলী করা হয় ।

এছাড়াও মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করা হয়।

## ১৪. সুপারভিশন এন্ড রেগুলেশন অব মার্কেটস এন্ড ইস্যুয়ার কোম্পানিজ (এসআরএমআইসি)

### জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে অনুষ্ঠিত এজিএম

| ক্রমিক নং | কোম্পানির নাম | সমাপ্ত বছর | এজিএমের তারিখ | % অব ডিভিডেন্ট | | রেকর্ড ডেট | ঘোষনার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ক্যাশ | ষ্টক | | |
| ১ | এ বি ব্যাংক লিমিটেড | ২০১৫১২ | ৭/১২/২০১৬ | - | ১২.৫০ %বি | **৩১/০৫/২০১৬** | ২৭/০৪/২০১৬ |
| ২ | এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ লি: | ২০১৫১২ | ৭/১৪/২০১৬ | ১২.০০ | - | **১৫/০৫/২০১৬** | ১১/০৪/২০১৬ |
| ৩ | আইএফআইসি ব্যাংক লি: | ২০১৫১২ | ৭/১৪/২০১৬ | - | ১২%বি | **১২/০৬/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ৪ | ইস্টার্ন ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৭/২০/২০১৬ | ২০.০০ | - | **১৯/০৫/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ৫ | সোনার বাংলা ইন্সুরেন্স লি: | ২০১৫১২ | ৭/২১/২০১৬ | ৫.০০ | ৫%বি | **২৫/০৫/২০১৬** | ০২/০৫/২০১৬ |
| ৬ | ফেডারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৭/২১/২০১৬ | - | ৫%বি | **০২/০৬/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ৭ | বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) | ২০১৫০৬ | ৭/২৩/২০১৬ | ১০.০০ | - | **৩১/০৫/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ৮ | জনতা ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৫১২ | ৭/২৮/২০১৬ | ৫.০০ | - | **২৯/০৫/২০১৬** | ০৮/০৫/২০১৬ |
| ৯ | এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্সুরেন্স কো: লি: | ২০১৫১২ | ৭/২৮/২০১৬ | ১০.০০ | - | **০২/০৬/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ১০ | দা সিটি ব্যাংক লি: | ২০১৫১২ | ৭/২৮/২০১৬ | ২২.০০ | - | **১২/০৬/২০১৬** | ০২/০৫/২০১৬ |
| ১১ | পূরবী জেনারেল ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৭/৩০/২০১৬ | - | ১২%বি | **১২/০৬/২০১৬** | ০২/০৫/২০১৬ |
| ১২ | পপুলার লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৮/১০/২০১৬ | ৪০.০০ | - | **৩০/০৬/২০১৬** | ১২/০৬/২০১৬ |
| ১৩ | শাশা ডেনিম্ লিমিটেড | ২০১৬০৬ | ৮/১৭/২০১৬ | ২৫.০০ | - | **০৩/০৫/২০১৬** | ১০/০৪/২০১৬ |
| ১৪ | ফারইস্ট ইসলামি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৮/২৩/২০১৬ | ৩৯.০০ | - | **০৭/০৮/২০১৬** | ২৯/০৬/২০১৬ |
| ১৫ | লাফার্জ সুরমা সিমেন্ট লি: | ২০১৫১২ | ৮/৩১/২০১৬ | ১০.০০ | - | **১৩/০৪/২০১৬** | ০৬/০৩/২০১৬ |
| ১৬ | কেডিএস এক্সেসরিস্ লিমিটেড | ২০১৬০৬ | ৯/১/২০১৬ | ৫.০০ | ১০%বি | **২১/০৪/২০১৬** | ৩০/০৩/২০১৬ |
| ১৭ | সন্ধানী  লাইফ ইন্সুরেন্স কোম্পানি লিঃ | ২০১৫১২ | ৯/১/২০১৬ | - | ২৫%বি | **১৪/০৮/২০১৬** | ১০/০৭/২০১৬ |
| ১৮ | বাটা সু কোম্পানি (বাংলাদেশ) লি: | ২০১৫১২ | ৯/৫/২০১৬ | ৩২০.০০ | - | **২৪/০৫/২০১৬** | ০২/০৫/২০১৬ |
| ১৯ | সোনারগাঁ টেক্সটাইল লি: | ২০১৬০৬ | ৯/৭/২০১৬ | - | - | **২২/০৫/২০১৬** | ০২/০৫/২০১৬ |
| ২০ | রেকিট বেনকিজার (বাংলাদেশ) লি: | ২০১৫১২ | ৯/৮/২০১৬ | ৬৫০.০০ | - | **১৯/০৫/২০১৬** | ২৮/০৪/২০১৬ |
| ২১ | স্কয়ার টেক্সটাইল লি: | ২০১৬০৬ | ৯/৮/২০১৬ | ২৫.০০ | ১০%বি | **২৩/০৮/২০১৬** | ০২/০৮/২০১৬ |
| ২২ | প্রাইম ইসলামি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৯/১৫/২০১৬ | ২০.০০ | ৫%বি | **০৮/০৮/২০১৬** | ১২/০৭/২০১৬ |
| ২৩ | সানলাইফ ইন্সুরেন্স কোম্পানি লিমিটেড | ২০১৫১২ | ৯/১৯/২০১৬ | - | - | **২১/০৮/২০১৬** | ৩১/০৭/২০১৬ |
| ২৪ | বাংলাদেশ থাই এ্যালোমিনিয়াম লি: | ২০১৬০৬ | ৯/২০/২০১৬ | ৫.০০ | ১০%বি | **৩১/০৮/২০১৬** | ১০/০৮/২০১৬ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৫ | জেমিনী সী ফুড লি: | ২০১৬০৬ | ৯/২১/২০১৬ | ২০.০০ | ৫০%বি | **০৭/০৯/২০১৬** | ১৭/০৮/২০১৬ |
| ২৬ | পিপলস লিজিং এন্ড ফাইন্যান্স সার্ভিসেস লি: | ২০১৫১২ | ৯/২২/২০১৬ | - | - | **২৮/০৮/২০১৬** | ০৪/০৮/২০১৬ |
| ২৭ | ন্যাশনাল লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৯/২৬/২০১৬ | ২০.০০ | ২০%বি | **১০/০৮/২০১৬** | ২৪/০৭/২০১৬ |
| ২৮ | রুপালি লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৯/২৬/২০১৬ | ১০.০০ | - | **২৩/০৮/২০১৬** | ৩১/০৭/২০১৬ |
| ২৯ | প্রগতি লাইফ ইন্সুরেন্স লি: | ২০১৫১২ | ৯/২৮/২০১৬ | - | - | **২৩/০৮/২০১৬** | ৩১/০৭/২০১৬ |
| ৩০ | মেঘনা লাইফ ইন্সুরেন্স কোম্পানি লি: | ২০১৫১২ | ৯/২৯/২০১৬ | ২০.০০ | ৫%বি | **০৫/০৯/২০১৬** | ১৪/০৮/২০১৬ |
| ৩১ | বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লি: | ২০১৬০৬ | ৯/২৯/২০১৬ | ১০.০০ | - | **০৭/০৯/২০১৬** | ১৬/০৮/২০১৬ |

**তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে  অভিযোগ: (জুলাই ২০১৬-সেপ্টেম্বর ২০১৬)**

| **অভিযোগের প্রকৃতি** | **গৃহীত অভিযোগের সংখ্যা** | **প্রক্রিয়াধীন** | **মিমাংসিত** |
|---|---|---|---|
| ঘোষিত লভ্যাংশ প্রদান না করা অথবা দেরীতে প্রদান | ১৩ | ৫ | ৮ |
| ডিবেঞ্চারের আসল ও সুদ প্রদান না করা | – | – | – |
| শেয়ার ট্রান্সফার সম্পর্কিত | ১ | - | ১ |
| রাইট অফারের পত্র না পাওয়া | ১ | ১ | - |
| বার্ষিক প্রতিবেদন  না পাওয়া | - | - | - |
| রিফান্ড ওয়ারেন্ট সংক্রান্ত | - | | – |
| শেয়ারের ডিমেট সংক্রান্ত | – | – | – |
| বিবিধ | ১৩ | ৪ | ৯ |
| **মোট** | **২৮** | **১০** | **১৮** |

এসইসি এর নোটিফিকেশন নং এসইসি/এসআরএমআইসি/৯৪-২৩১/২৭১ তারিখ ১২.১০.২০১১ অনুযায়ী ডিএসই, সিএসই তালিকাভুক্ত কোম্পানির বিরুদ্ধে আনীত অভিযোগ মিমাংসা করে এবং কমিশনের নিকট উপরোক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করে।

# ১৫.	সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই)

সুপারভিশন এন্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ মার্চেন্ট ব্যাংকার, স্টক ডিলার, স্টক ব্রোকার, ডিপজিটরি পার্টিসিপেন্টস, সিকিউরিটি কাস্টডিয়ান ব্যাংক, মার্কেট মেকার্স, সিকিউরিটি লেন্ডারস ও বরোয়ার্স ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান সমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে থাকে। এই বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, ডিপি ও মার্চেন্ট ব্যাংকসমূহ নিয়মিত পরিদর্শন করে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে থাকে। এসআরআই বিভাগ সাধারণ বিনিয়োগকারী ও অন্যান্য স্টেক হোল্ডারদের অভিযোগ নিয়েও কাজ করে থাকে। উক্ত বিভাগ জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করেছে ঃ

ক) বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ ঃ

| অভিযোগের প্রকৃতি | গৃহীত অভিযোগের সংখ্যা | | | প্রক্রিয়াধীন/ স্থগিতকৃত | আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিএসই/সিএসই'তে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ |
|---|---|---|---|---|---|---|---|
| | জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১৬ | পূর্ববর্তী | মোট | | | | |
| শেয়ার হারানো সংক্রান্ত | ৪ | ১ | ৫ | ৪ | - | ১ | - |
| অনুমোদন ব্যতীত শেয়ার বিক্রয় সংক্রান্ত | ৫ | ৩ | ৮ | ৩ | ১ | - | ৪ |
| শেয়ার হস্তান্তর না করা সংক্রান্ত | - | ১ | ১ | - | - | - | ১ |
| বিক্রয়লব্ধ অর্থ পরিশোধ না করা | ২ | - | ২ | ২ | - | - | - |
| ফোর্স সেল/মার্জিন সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| শেয়ার হস্তান্তর না করার কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি | - | - | - | - | - | - | - |
| নিষ্পত্তিকরণের ক্ষেত্রে বিলম্ব হওয়া সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| শেয়ার না পাওয়া সংক্রান্ত | ১ | ১ | ২ | ১ | - | ১ | - |
| স্টক ডিলার/ব্রোকার ও অন্যান্যদের দুর্নীতি/অনিয়ম | ১ | ২ | ৩ | ১ | ১ | - | ১ |
| নগদ/চেক/ডিভিড্যান্ড/বোনাস সংক্রান্ত | - | - | - | - | - | - | - |
| বিবিধ | ৩ | ২ | ৫ | ২ | ১ | ২ | - |
| **মোট** | **১৬** | **১০** | **২৬** | **১৩** | **৩** | **৪** | **৬** |

খ) এসআরআই বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শন কার্যক্রমঃ

| ক্রঃ নং | বিবরণ | পরিদর্শন | পরিদর্শনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ০১. | স্টক ব্রোকার/স্টক ডিলার | মাসিক নিয়মিত পরিদর্শন | ৪ | | - | ৪ |
| | | বিশেষ পরিদর্শন | ১ | - | - | ১ |
| ০২. | মার্চেন্ট ব্যাংক | মাসিক নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| ০৩ | সম্পদ ব্যবস্থাপক | নিয়মিত পরিদর্শন | - | - | - | - |
| **মোট** | | | ৫ | - | | ৫ |

# ১৬. এনফোর্সমেন্ট

## এনফোর্সমেন্ট সংক্রান্ত তথ্যাদি (জুলাই-সেপ্টেম্বর, ২০১৬):

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান (সংখ্যায়) | **এনফোর্সমেন্ট ব্যাবস্থার ধরণ** |
|---|---|---|---|
| ১ | **ইস্যুয়ার কোম্পানি** | ৫৭ | জরিমানা- ৪৪ |
| | | | সতর্কীকরণ-১৩ |
| ২ | **স্টক ব্রোকার/স্টক ডিলার** | ১০ | জরিমানা- ০০ |
| | | | সতর্কীকরণ-১০ |
| ৩ | **মার্চেন্ট ব্যাংকার** | ০১ | জরিমানা- ০০ |
| | | | সতর্কীকরণ-০১ |
| ৪ | **অনুমোদিত প্রতিনিধি** | ০১ | জরিমানা- ০০ |
| | | | সতর্কীকরণ-০১ |
| ৫ | **সম্পদ ব্যবস্থাপক** | ০১ | জরিমানা- ০০ |
| | | | সতর্কীকরণ-০১ |
| ৬ | **চার্টার্ড একাউন্টটেন্ট ফার্ম** | ০১ | জরিমানা- ০০ |
| | | | সতর্কীকরণ-০১ |
| ৭ | **অন্যান্য** | ০৭ | জরিমানা- ০১ |
| | | | সতর্কীকরণ-০৬ |
| | **মোট** | ৭৮ | জরিমানা- ৪৫ |
| | | | সতর্কীকরণ-৩৩ |

# ১৭.আইন

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি ঃ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিরুদ্ধে মোট ৫২৮টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | আদালতের নাম | | মামলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | আপীল বিভাগ | ১৭টি |
| | | হাইকোর্ট বিভাগ | ২২৬টি |
| ০২. | মহানগর দায়রা জজ আদালত, ঢাকা ও স্পেশাল ট্রাইব্যুনাল বিএসইসি, ঢাকা | | ২০টি |
| ০৩. | জেলা জজ আদালত, যুগ্ম জেলা জজ আদালত, সহকারী জজ আদালত ঢাকা | | ১১টি |
| ০৪. | চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৬টি |
| ০৫. | শ্রম আদালত, ঢাকা | | ০২টি |
| ০৬. | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৪৬টি |
| **মোট মামলার সংখ্যা :** | | | **৫২৮টি** |

# ১৮.সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস

জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়কালে নিম্নলিখিত কোম্পানিসমূহ সিডিএস-এ অন্তর্ভূক্ত হয়েছে;

| ক্রমিক নং | কোম্পানির নাম | সিডিএস এ অন্তর্ভূক্তির তারিখ |
|---|---|---|
| ০১ | ইভিন্স টেক্সটাইল লিমিটেড | ১৭.০৭.২০১৬ |
| ০২ | ইয়াকিন পলিমার লিমিটেড | ২২.০৯.২০১৬ |

# ১৯.এমআইএস

অটোমেশন ডেভেলপমেন্টের মাধ্যমে বিএসইসির বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্পাদনে সম্ভাব্য সহায়তা দেয়া, কম্পিউটারইজড তথ্য বিশ্লেষণ ভিত্তিক পুঁজিবাজার মনিটরিং সিস্টেম গড়ে তোলা এবং ওয়েবের মাধ্যমে সকলকে সিকিউরিটিজ আইন ও সংশিষ্ট অন্যান্য বিষয়ে অবগত করা এমআইএস বিভাগের মূল উদ্দেশ্য ।

বর্তমানে বিএসইসির সকল কর্মকর্তা তাদের দৈনন্দিন কার্যক্রমে কম্পিউটার ব্যবহার করে থাকেন। অফিসের সকল কম্পিউটার ল্যান এর আওতাভূক্ত। বিএসইসিতে তৈরীকৃত ইন্টিগ্রেটেড বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অটোমেটেড সিস্টেম (SECAS) সফটওয়ার এর বিভিন্ন মডিউল বিভিন্ন বিভাগের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। কাগজের ব্যবহার হ্রাসের উদ্দেশ্যে বিএসইসিতে E-paper clipping system প্রবর্তন করা হয়েছে। বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ তাদের ওয়ার্কস্টেশন থেকে সংযুক্ত ল্যানের মাধ্যমে ২০ Mbps গতির ব্রডব্যান্ড ইন্টারনেট (ফাইবার অপটিক) ব্যবহার করে থাকেন। পুঁজিবাজারের স্বার্থে দেশে এবং বিদেশে তাৎক্ষণিক কনফারেন্স করার প্রয়োজনে বিএসইসিতে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে।এছাড়া বিএসইসি'র অফিসিয়াল ওয়েবসাইটটিকে বাংলা ও ইংরেজী (ইউনিকোড ভিত্তিক) উভয় ভাষায় আধুনিকীকরণের কাজ চলমান রয়েছে। বিএসইসি সরকারের বাংলা গভঃনেট ওয়াইড এরিয়া নেটওয়ার্কের সাথে সংযুক্ত হয়েছে। ইতিমধ্যে এমআইএস বিভাগ ইনোভেশন সংক্রান্ত দুইটি কর্ম পরিকল্পণা বাস্তবায়ন করেছে এবং সেগুলি কমিশনের ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে। বাস্তবায়িত ইনোভেশন দু'টি হলঃ-

- সেবাপ্রত্যাশীদের জন্য ই-নোটিশ বোর্ড এবং
- সিকিউরিটিজ সংক্রান্ত আইন, বিধি-প্রবিধি, নোটিফিকেশন, অর্ডার, ডাইরেকটিভ, গাইডলাইন্স সমূহের জন্য ওয়েব ভিত্তিক অধিকতর ব্যবহার বান্ধব উপস্থাপন।

বিএসইসি'র ওয়েব সাইটে (www.sec.gov.bdও www.secbd.org) প্রেস রিলিজ, সিকিউরিটিজ আইন, আইপিও প্রসপেক্টাস, এলিজিবল সিকিউরিটিজ, ডিপজিটরী পার্টিসিপেন্টস, এনফোর্সমেন্ট এ্যাকশনস, রিপোর্টস ইত্যাদি বিভিন্ন তথ্য সন্নিবেশিত করা হয়েছে যা নিয়মিত আপডেট করা হয় এবং ওয়েব সাইটটি প্রচুর ব্যবহৃত হয়ে থাকে। এমআইএস বিভাগ উল্লেখিত সিস্টেমসমূহের ডেভেলপমেন্ট, মডিফিকেশন ও মেইন্টেন্যানসের কাজ করে থাকে।

**জুলাই-সেপ্টেম্বর, ২০১৬এ ওয়েবসাইটে বিশেষ কিছু আপলোডের সংখ্যাঃ**

| কাজ | সংখ্যা |
|---|---|
| আইপিও প্রসপেক্টাস/রাইট ইস্যু অফার ডকুমেন্ট স্থাপন | ৮টি আইপিও |
| এনফোর্সমেন্ট অ্যাকশন স্থাপন | ৫০টি |
| অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি স্থাপন | ৫টি |
| এলিজিবল সিকিউরিটিজ/ডিপি ইত্যাদিও তালিকা আপডেট | ০ |
| ত্রৈমাষিক প্রতিবেদন স্থাপন | ০ |
| বার্ষিক প্রতিবেদন স্থাপন | ১টি |
| মতামতের জন্য প্রস্তাাবিত খসড়া আইন স্থাপন | ৩টি |
| প্রেস বিজ্ঞপ্তি | ৫টি |
| দরপত্র বিজ্ঞপ্তি | ০ |
| নিয়োগ বিজ্ঞপ্তি | ০ |

## ২০.গবেষণা ও উন্নয়ন

গবেষণা ও উন্নয়ন বিভাগ সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রতিমাসে নিয়মিত দু'টি এবং পৃথকভাবে শুধুমাত্র নারী বিনিয়োগকারীদের জন্য একটি করে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন এবং সরকারী ও বেসরকারী বিভিন্ন সংস্থার জন্য পুঁজিবাজার বিষয়ক সেমিনার আয়োজন করে থাকে। এছাড়া স্টক এক্সচেঞ্জের সাথে যৌথভাবে ব্রোকার হাউজের অনুমোদিত প্রতিনিধিদের জন্য নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত করে আসছে। কমিশনের বিভিন্ন প্রকাশনা যেমন বার্ষিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজী), কোয়ার্টারলি রিভিউ (ইংরেজী), ত্রৈমাসিক পরিক্রমা (বাংলা নিউজ লেটার), কমিশনের কার্যাবলীর উপর বুকলেট, পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ বিষয়ক বুকলেট ইত্যাদি প্রণয়নের কাজ গবেষণা ও উন্নয়ন বিভাগ করে থাকে। বিভিন্ন দৈনিক পত্রিকায় (প্রায় ২০ টি) প্রতিদিন পুঁজিবাজার সংশ্লিষ্ট যে সকল খবর ছাপা হয় তা কাটিং করতঃ কমিশনের এবং নির্বাহীগণের নিকট প্রতিদিন সরবরাহ করা হয়। তাছাড়া মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক নিয়মিত বিভিন্ন তথ্য গবেষণা ও উন্নয়ন বিভাগ মন্ত্রণালয়কে সরবরাহ করে থাকে।

**জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ এ সম্পাদিত কাজের তালিকা নিম্নরূপঃ**

| ক্রমিক নং | কাজের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১ | সাধারন বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি<br>(দুই-দিনব্যাপী কর্মসূচি) | ০৪ |
| ২ | অনুমোদিত প্রতিনিধিদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি<br>(দুই-দিনব্যাপী কর্মসূচি) | ০০ |
| ৩ | বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫ প্রকাশ | ১ |
| ৪ | কোয়ার্টারলি রিভিউ | ১ |
| ৫ | পরিক্রমা | ১ |
| ৬ | মাসিক কর্মপরিকল্পনা- অর্থ মন্ত্রনালয়ে প্রেরন | ৩ |
| ৭ | মাসিক প্রতিবেদন- অর্থ মন্ত্রনালয়ে প্রেরন | ৩ |

# ২১.আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ নিয়মিত কার্যাবলী পরিপালনের পাশাপাশি জুলাই-সেপ্টেম্বর, ২০১৬ সময়সীমায় নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করেছেঃ

১. APEC FRTI কর্তৃক Training Needs Analysis সংক্রান্ত একটি Survey পূরণের জন্য ১০ জুলাই ২০১৬ তারিখে একটি ই-মেইল প্রদান করে। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে নির্দিষ্ট সময়ের মধ্যে Survey টি এ প্রেরণ করা হয়।

২. Asia Pacific Takeovers Regulators Forum এর সদস্য হিসেবে এর ওয়েবসাইটে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নাম ও লোগো অন্তর্ভুক্ত করার ব্যাপারে ২৮ জুলাই ২০১৬ তারিখে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ইমেইল প্রেরণের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

৩. Securities Board of Nepal (SEBON) এর একটি প্রতিনিধি দল ২২-২৪ অগাস্ট, ২০১৬ বাংলাদেশের পুঁজিবাজার সংশ্লিষ্টদের সাথে পারস্পারিক সহযোগিতা জোরদারের লক্ষ্যে বাংলাদেশ সফর করে। উক্ত সফরে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ছাড়াও ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (DSE) এবং সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) এর সাথে উক্ত প্রতিনিধি দলের আলোচনা হয়। আলোচনায় পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন বিষয়াদির ব্যাপারে মতবিনিময় হয়।

৪. এছাড়া উক্ত সময়সীমায় বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিভিন্ন বিভাগের বৈদেশিক নানা সংস্থায় Query এর প্রেক্ষিতে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ কর্তৃক তা সংশ্লিষ্ট সংস্থায় প্রেরন ও পরবর্তীতে ধারাবাহিকভাবে যোগাযোগ করা হয়েছে।

## ২২.স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস

### ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড

**জুলাই-সেপ্টেম্বর, ২০১৬**

| মাস | ডিএসই বোর্ড ইনডেক্স (DSEX) | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ৪,৫২৫.৩৫ | ৩,২০৭,৩৬৯ | ১৭ | ১৭৭৫ | ১০৪ | ৬৫,৭৩৬.১৭ | ৩,৮৬৬.৮৩ |
| আগস্ট | ৪,৫২৬.৫৮ | ৩,১৯২,৫৬০ | ২১ | ২৩৪৩ | ১১২ | ৯৬,২৯২.৯৫ | ৪,৫৮৫.৩৮ |
| সেপ্টেম্বর | ৪,৬৯৫.১৯ | ৩,২৮১,৯০৯ | ১৭ | ২৪৯১ | ১৪৭ | ৮৬,৮৯৩.৮২ | ৫,১১১.৪০ |
| মোট | - | - | ৫৫ | ৬৬০৯ | ১২০ | ২৪৮,৯২২.৯৫ | ৪,৫২৫.৮৭ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

### চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড

**জুলাই-সেপ্টেম্বর -২০১৬**

| মাস | সকল শেয়ার এর মূল্য সূচক | বাজার মূলধন (মিলিয়ন টাকায়) | মোট লেনদেন দিবস | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন সংখ্যায়) | | সিকিউরিটিজ লেনদেন এর পরিমাণ (মিলিয়ন টাকায়) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাসিক | দৈনিক গড় | মাসিক | দৈনিক গড় |
| জুলাই | ১৩,৯১৭.২৭০১ | ২৫৪৮০০৬ | ১৭ | ১৬০ | ৯ | ৪৯৩২.০৭ | ২৯০.১২ |
| আগস্ট | ১৩,৯০০.৭৭৯৭ | ২৫২৯৫৮৯ | ২১ | ১৬৪ | ৮ | ৫১৪৬.৬২ | ২৪৫.০৮ |
| সেপ্টেম্বর | ১৪,৪২৯.৪৪০৪ | ২৬১২৫২১ | ১৭ | ১৮০ | ১১ | ৫৪২৯.৩০ | ৩১৯.৩৭ |
| মোট | - | - | ৫৫ | ৫০৪ | ৯ | ১৫৫০৭.৯৯ | ২৮১.৯৬ |

মাসের শেষ লেনদেন দিবসের সূচক এবং বাজার মূলধন নেয়া হয়েছে ।

উৎস: ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ।

## ২৩.প্রেস রিলিজ

কমিশন জুলাই-সেপ্টেম্বর -২০১৬ সময়কালে কার্যক্রমের ০৫ টি প্রেস রিলিজ ইস্যু করেছে; যা পরবর্তী পৃষ্ঠাসমূহে উপস্থাপিতঃ